অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মূল পানি সরবরাহ বন্ধ হওয়ার (WATER MAIN BREAK) পর ওয়াশিংটন কাউন্টির জন্য 40,000 বোতল পানীয় জলের ব্যবস্থা করলেন

যদিও বৃহস্পতিবার রাতে পানি সরবরাহ ফিরে এসেছে, পানি ফুটিয়ে খাওয়ার নোটিস এখনো জারি আছে এবং গভর্নর বাসিন্দাদের পরিষ্কার পানি পানের তাগিদ দিচ্ছেন

গভর্নর নিউ ইয়র্কবাসীকে মনে করিয়ে দিলেন যে বৃহস্পতিবারের গরম তাপমাত্রা বৃষ্টির পরে বন্যার জন্য প্রস্তুত থাকতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ওয়াশিংটন কাউন্টির গ্রিনিচ টাউনে মূল পানি সরবরাহ বন্ধ হওয়ার পর সেখানকার বাসিন্দাদের সাহায্য করতে 40,000 বোতল পানীয় জলের ব্যবস্থা করলেন। যদিও বৃহস্পতিবার রাতে প্রভাবিত 5,000 মানুষের জন্য পানি সরবরাহ ফিরে এসেছে, পানি ফুটিয়ে খাওয়ার নোটিস এখনো জারি আছে এবং গভর্নর বাসিন্দাদের অধিক সতর্ক থাকতে বোতলের পানি পানের তাগিদ দিচ্ছেন।

"যখন দুর্যোগ আসে, আমাদের প্রথম অগ্রাধিকার হল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা, এবং আমরা কমিউনিটিগুলি যাতে তাদের প্রয়োজনীয় সমর্থন পায় তা নিশ্চিত করতে দ্রুত পদক্ষেপ নিতে থাকবো", **গভর্নর কুওমো বলেছেন।** "ওয়াশিংটন কাউন্টির হাজার হাজার মানুষকে পরিষ্কার পানীয় জল প্রদানের জন্য, আমরা স্থানীয় কর্মকর্তাদের সাথে ঘনিষ্ঠ সমন্বয় করছি এবং প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে আরো সহায়তা প্রদানের জন্য আমরা প্রস্তুত আছি।"

সরবরাহ বন্ধ হওয়ার খবর পাওয়ার পরে, স্টেট ও স্থানীয় কর্মকর্তারা পুরো কমিউনিটির প্রয়োজন সনাক্ত করতে এবং জনগণকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় সংস্থান নিয়োজিত করতে অবিলম্বে সমন্বয় শুরু করে। সরবরাহ বন্ধ কতটা গুরুতর তা নিশ্চিত করার পর, গিলডারল্যান্ডে স্টেটের জরুরি স্টকপাইল থেকে 40,000 বোতল পানির ব্যবস্থা করা হয়েছে এবং তা গ্রিনিচে পাঠানো শুরু করা হয়েছে।

দিনের শুরুর দিকে বৃহস্পতিবারের গরম তাপমাত্রার পর, নিউ ইয়র্কবাসী সেতু, নদীর বাঁক, লক, এবং এইসব নদী ও ঝর্ণার ধার দিয়ে অন্যান্য সম্ভাব্য প্রতিবন্ধকতাসহ এলাকায় বন্যার বর্ধিত ঝুঁকির মুখে রয়েছে। ফলে, জাতীয় আবহাওয়া সেবা (National Weather Service) স্টেটের অধিকাংশে, বিশেষ করে ওয়াশিংটন কাউন্টিতে বন্যা সতর্কতা জারি করেছেন। নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য পেয়ে আপডেট থাকতে তাদের স্থানীয় আবহাওয়া রিপোর্টগুলোতে গভীর মনোযোগ দেয়া উচিত। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট। স্টেটের সহায়তা প্রয়োজন হলে নিউ ইয়র্ক দ্রুত পানি উদ্ধার কর্মী ও সরঞ্জাম নিয়োগ করতে প্রস্তুত।

স্টেট এজেন্সিগুলি পুরো স্টেটে যেকোনো ধরনের বরফ জমা বন্যা সমস্যায় সহায়তা করার জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি নিয়ে প্রস্তুত আছেঃ

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Department of Homeland Security and Emergency Services)
রাষ্ট্রীয় দশটি রিজিওনাল স্টকপাইল যেকোন বন্যার সমস্যায় সহায়তা করার জন্য মুখ্য সংস্থানগুলি নিয়োজিত করতে প্রস্তুত। বর্তমানে, স্টকপাইলগুলি সজ্জিত করা হয়ঃ

- 730 টিরও বেশি জেনারেটর
- প্রায় 1,300 পাম্প
- 2 মিলিয়ন এর বেশি বালির বস্তা
- 19 স্যান্ডব্যাগার্স
- 6,771 ফুট একোয়াডাম

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)
পরিবহন অধিদপ্তর সব সম্ভাব্য বরফ জমা ও বন্যা অবস্থান নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। বন্যা পরিস্থিতি যাতে আরো খারাপ না হয় এবং সম্ভাব্য প্রতিবন্ধকতা যাতে দ্রুত পরিষ্কার করা হয় তা নিশ্চিত করতে অধিদপ্তর কালভার্টগুলি পরিষ্কার করে যাচ্ছে। মোহক ভ্যালির সকুয়াইট ক্রিকে (Sauquoit Creek), অধিদপ্তর একটি এক্সক্যাভেটর এবং অন্যান্য বন্যা প্রশমন সরঞ্জাম নিয়ে গেছে এবং এছাড়াও সাউদার্ন টিয়ার থেকে একটি লং রিচ এক্সক্যাভেটর মোহক ভ্যালিতে নিয়ে আসছে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির কর্মীরা সক্রিয়ভাবে ড্রেনেজ সিস্টেম পরীক্ষা করছে এবং বন্যা সম্ভাবনা পর্যবেক্ষণ করছে। 664 জনের বেশি অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার, এবং বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে। নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC ঝর্ণার মাত্রা পূর্বাভাস এবং ক্রিক, ঝর্ণা ও নদীর বন্যা মাত্রা পর্যবেক্ষণ করছে বন্যা ঝুঁকি যাচাই করে সম্ভাব্য বন্যার প্রতিক্রিয়া স্থির করার জন্য। পাশাপাশি, DEC-এর এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা (Environmental Conservation Police Officers), স্টেটের ফরেস্ট রেঞ্জার্স (State Forest Rangers), পানি প্রকৌশলী, স্পিল রেসপন্স কর্মী, এবং জরুরি ব্যবস্থাপনা কর্মীরা বন্যার পানি বেড়ে গেলে যেকোনো স্পিল বা অনুসন্ধান ও উদ্ধার কার্যে দ্রুত কাজ করার জন্য প্রস্তুত আছে।

ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
NYPA পরিস্থিতি পর্যবেক্ষণ করে যাচ্ছে এবং জরুরি ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখছে।

রিলিজ ও পরিস্থিতির পরিবর্তন ও ক্রমবর্ধমান বিপদের ব্যাপারে ক্যানাল কর্পোরেশন স্টেটের ক্যানাল সিস্টেমের তীরবর্তী পানিবিদ্যুৎ এনটিটিগুলির সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। ক্যানাল কর্পোরেশন পুরো স্টেটের ক্যানাল সিস্টেমে সম্ভাব্য বন্যা প্রভাব প্রশমিত করার জন্য স্বপ্রনোদিত পদক্ষেপ নিয়েছে এবং মোহক নদীর তীরবর্তী অবস্থানসহ জানা বরফ জমাট অবস্থানগুলিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

স্কেনেক্টেডি ও মন্টগোমারি কাউন্টির ইরি ক্যানাল লক 8-10 এ লকের আশেপাশে বরফ জমাট বেঁধে গেলে তা অপসারণ করাতে পাঠানোর জন্য ক্যানাল কর্পোরেশন একটি ঠিকাদার স্ট্যান্ডবাই রেখেছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
ওনিডা কাউন্টির হোয়াইটসবরোতে চলমান বন্যা পরিস্থিতিতে স্টেটের ট্রুপাররা সহায়তা করছে, এবং এছাড়াও তারা অন্যান্য এলাকায় নদী ও ঝর্ণার তীরবর্তী অঞ্চলে যেখানে বরফ জমা ও বন্যার সম্ভাবনা বেশি সেগুলি পর্যবেক্ষণ করছে। বন্যা হলে কাজে নিয়োজিত হওয়ার জন্য ট্রুপাররা প্রস্তুত আছে। সকল ফোর হুইল ড্রাইভ যান সেবায় নিয়োজিত আছে, এবং প্রয়োজন অনুযায়ী নিয়োজিত হওয়ার জন্য স্নোমোবাইল, ইউটিলিটি টাস্ক যান এবং নৌকা প্রস্তুত আছে।

বন্যা নিরাপত্তা পরামর্শ
নিচে বন্যা প্রস্তুতি নিরাপত্তা পরামর্শ দেওয়া হলঃ

- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- ফার্নিচার, কাপড় এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তিসহ সকল মূল্যবান বস্তুর আইটেম অনুযায়ী তালিকা তৈরি করুন - সম্ভব হলে ছবি ও ভিডিও তুলে রাখুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্না সরঞ্জাম প্রস্তুত রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, পাতলা পাতলা কাঠ, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-প্রমাণীকরণের জন্য সাথে রাখুন

- আপনার বীমার কভারেজ চেক করুন। বাড়িমালিকানা সংক্রান্ত বীমা পলিসিতে সাধারণত বন্যার ক্ষয়ক্ষতি অন্তর্গত হয় না। শুধু বন্যা বীমাই আপনার বাড়িকে বন্যার ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা দিবে। আপনি মানচিত্র অনুযায়ী বন্যা এলাকায় না থাকলেও বন্যা বীমা ক্রয় করতে পারবেন।

আবহাওয়া পরিভাষার পূর্ণ তালিকা ও বন্যার পূর্বে, সময়ে ও পরবর্তীতে প্রস্তুতির ধারণার জন্য, ভিজিট করুন হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের ওয়েবসাইট www.dhses.ny.gov/oem/safety-info/flood/floodprepare.cfm।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন